গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড
বিভাগীয় কার্যালয়, রাজশাহী
www.bkkb.rajshahidiv.gov.bd

**বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়,রাজশাহী কর্তৃক আয়োজিত ৩৪তম বার্ষিক বিভাগীয় ক্রীড়া প্রতিযোগিতা-২০২৩ অনুষ্ঠান উপলক্ষে ১৫/১২/২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত বিভাগীয় ক্রীড়া সাংগঠনিক ও ব্যবস্থাপনা কমিটির সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | জনাব জি এস এম জাফরউল্লাহ্ এনডিসি<br>বিভাগীয় কমিশনার<br>রাজশাহী বিভাগ, রাজশাহী<br>ও<br>সভাপতি<br>বিভাগীয় ক্রীড়া সাংগঠনিক ও<br>ব্যবস্থাপনা কমিটি |
| সভার স্থান | ঃ | বিভাগীয় কমিশনার মহোদয়ের সম্মেলন কক্ষে। |
| সভার তারিখ | ঃ | ১৫/১২/২০২২খ্রি. |
| সময় | ঃ | বিকাল ৩:০০ ঘটিকা। |

সভার প্রারম্ভে সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন । বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, রাজশাহীর ৩৪তম বার্ষিক বিভাগীয় ক্রীড়া প্রতিযোগিতা-২০২৩ অনুষ্ঠানের জন্য বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা হতে টাঃ=৮,৫০,০০০/-(আট লক্ষ পঞ্চাশ হাজার টাকা) মাত্র বাজেট বরাদ্দ পাওয়া গেছে বলে সদস্য সচিব সভাকে অবহিত করেন। তিনি আরও অবহিত করেন যে রাজশাহী বিভাগাধীন ৮ টি জেলা ও মহানগরীর ১টি দলসহ মোট ৯টি দল প্রতিযোগিতায় অংশ গ্রহন করবে। অতঃপর সভায় নিম্নলিখিত বিষয়াবলী বিস্তারিত আলোচনান্তে সিদ্ধান্ত গৃহীত হয়।

**০১। প্রধান অতিথি ও বিশেষ অতিথি নির্বাচন, উপজেলা এবং জেলা পর্যায়ের প্রতিযোগী বাছাইয়ের তারিখ নির্ধারণ, খেলার মাঠ ও বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার তারিখ ও সময় নির্ধারণ ।**

৩৪তম বার্ষিক বিভাগীয় ক্রীড়া প্রতিযোগিতা-২০২৩ সুন্দর ও সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে ক্রীড়া সাংগঠনিক ও ব্যবস্থাপনা কমিটি, কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী মহোদয় কর্তৃক গঠিত হয়েছে (পরিশিষ্ট-'ক')।

বিষয়: (ক) ঃ বার্ষিক বিভাগীয় ক্রীড়া প্রতিযোগিতা-২০২৩ এর তারিখ, স্থান ও সময় নির্ধারণ।

সিদ্ধান্ত ঃ বার্ষিক বিভাগীয় ক্রীড়া প্রতিযোগিতা মুক্তিযুদ্ধ স্মৃতি স্টেডিয়াম রাজশাহীতে আগামী **১১/০১/২০২৩** তারিখ সকাল ০৯.০০ টায় অনুষ্ঠিত হওয়ার বিষয়ে বিভাগীয় সাংগঠনিক ও ব্যবস্থাপনা কমিটির সকল সদস্য একমত পোষণ করেন।

বাস্তবায়ন ঃ ক্রীড়া সাংগঠনিক ও ব্যবস্থাপনা কমিটি।

বিষয়: (খ)ঃ বার্ষিক বিভাগীয় ক্রীড়া প্রতিযোগিতা-২০২৩ অনুষ্ঠান উপলক্ষে জেলা ও উপজেলার প্রতিযোগী বাছাই অনুষ্ঠান।

সিদ্ধান্ত ঃ সভায় সর্বসম্মতিক্রমে উপজেলা পর্যায়ে খেলার প্রতিযোগী বাছাই কার্যক্রম ২৫/১২/২০২২ খ্রি. তারিখের মধ্যে সম্পন্ন করে সংশ্লিষ্ট জেলা প্রশাসক বরাবর তথ্য পাঠানোর সিদ্ধান্ত গৃহীত হয় এবং জেলা ও মহানগর পর্যায়ে প্রতিযোগী বাছাই ০৪/০১/২০২৩ তারিখের মধ্যে সম্পন্ন করে ইভেন্ট ভিত্তিক শুধুমাত্র ১ম স্থান অধিকারী প্রতিযোগীদের নামের তালিকা আগামী ০৮/০১/২০২৩ তারিখের মধ্যে পরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, রাজশাহীর নিকট প্রেরণ করতে হবে।

বাস্তবায়ন ঃ ক) জেলা প্রশাসক (সকল ), রাজশাহী বিভাগ ।

খ) উপজেলা নির্বাহী অফিসার (সকল ), রাজশাহী বিভাগ ।

গ) সংশ্লিষ্ট কমিটি।

বিষয়: (গ)ঃ বার্ষিক বিভাগীয় ক্রীড়া প্রতিযোগিতা-২০২৩ অনুষ্ঠানের প্রধান অতিথি, বিশেষ অতিথি নির্বাচন।

সিদ্ধান্ত ঃ বিভাগীয় কমিশনার রাজশাহী মহোদয় যোগাযোগ করে প্রধান অতিথি ও বিশেষ অতিথি নির্বাচন করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়ন ঃ ১। বিভাগীয় কমিশনার, রাজশাহী।

বিষয়ঃ (ঘ) ক্রীড়া প্রতিযোগিতা জাঁকজমকপূর্ণ করতে খেলোয়াড়দের খেলোয়াড়ী পোশাক (টি-শার্ট ও ক্যাপ) পরিধান করার বিষয়ে আলোচনা করা হয়।

সিদ্ধান্তঃ চাঁপাইনববাগঞ্জ সাদা, রাজশাহী কমলা, নাটোর লাল, জয়পুরহাট নীল, সিরাজগঞ্জ বেগুনী, বগুড়া সবুজ, নওগাঁ রয়েল ব্লু, পাবনা হলুদ ও মহানগর জলপাই রঙ এর পোশাক পরিধান করে মাঠে প্রবেশ করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। নির্ধারিত রঙ এর পোশাক ও ক্যাপ পরিধান করে প্রতিযোগিতায় অংশগ্রহনের বিষয়টি নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসক মহোদয়গণ এবং আহবায়ক রাজশাহী মহানগর উপকমিটিকে বিশেষ ভাবে অনুরোধ জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নঃ ক) জেলা প্রশাসক (সকল ), রাজশাহী বিভাগ ।

খ) আহবায়ক রাজশাহী মহানগর উপ-কমিটি।

০২। <u>ক্রীড়া প্রতিযোগিতার ইভেন্ট নির্ধারণঃ</u>

বিষয়: ঃ বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড কর্তৃক অনুমোদিত নীতি, রূপরেখা ও ক্রীড়া ইভেন্টের আলোকে ক্রীড়া প্রতিযোগিতা-২০২৩ সম্পন্ন করন।

সিদ্ধান্ত ঃ বোর্ড কর্তৃক অনুমোদিত নীতিমালা, রূপরেখা ও ক্রীড়া ইভেন্ট অনুযায়ী উপজেলা ও জেলা পর্যায়ে খেলা সম্পন্ন করে চূড়ান্ত ক্রীড়াবিদদের নামের তালিকা প্রেরণের জন্য ৮ জেলার জেলা প্রশাসক ও মহানগর ইউনিটকে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয় (পরিশিষ্ট-'খ')।

**বাস্তবায়ন** ঃ ১। অতিরিক্ত বিভাগীয় কমিশনার(সার্বিক)

বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী।

২। পরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, রাজশাহী।

০৩। **বিভিন্ন উপ-কমিটি গঠনঃ**

**বিষয়** ঃ সরকারি কর্মকর্তা-কমচারী ও তাঁদের ছেলেমেয়েদের সমন্বয়ে ৩৪তম বার্ষিক বিভাগীয় ক্রীড়া প্রতিযোগিতা-২০২৩ সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে বিভিন্ন উপ-কমিটি গঠন।

**সিদ্ধান্ত** ঃ (ক) প্রস্তাবের কিছু কিছু অংশ সংযোজন ও বিয়োজন করে উক্ত প্রস্তাব বিভাগীয় ক্রীড়া সাংগঠনিক কমিটি কর্তৃক সর্ব সম্মতিক্রমে অনুমোদিত হয় (পরিশিষ্ট 'গ')।

(খ) অনুমোদিত ক্রীড়া ইভেন্টের আলোকে ক্রীড়া প্রতিযোগিতা সুন্দর ও সুষ্ঠুভাবে পরিচালনার জন্য ক্রীড়া পরিচালনা উপ-কমিটির সদস্য জেলা ক্রীড়া অফিসার, রাজশাহী সার্বিক দায়িত্ব পালন করবেন।

(গ) গঠিত উপ-কমিটির আহবায়কগণ তাঁদের স্ব-স্ব কমিটির সদস্যদের নিয়ে যথাসময়ে সভা আহবান পূর্বক সুষ্ঠুভাবে ক্রীড়া অনুষ্ঠানের সার্বিক ব্যবস্থা গ্রহণ করবেন এবং সভার সিদ্ধান্ত সমূহ বিভাগীয় কমিশনার রাজশাহী মহোদয় ও ক্রীড়া সাংগঠনিক ও ব্যবস্থাপনা কমিটির সভাপতির নিকট যথাসময়ে প্রেরণ করবেন

**বাস্তবায়ন** ঃ (ক) বিভাগীয় ক্রীড়া সাংগঠনিক ও ব্যবস্থাপনা কমিটি।

(খ) আহবায়ক, সংশ্লিষ্ট উপকমিটিসমূহ।

(গ) জেলা ক্রীড়া অফিসার, রাজশাহী।

০৪। **ক্রীড়া প্রতিযোগিতার ব্যয় নির্বাহের জন্য খাতওয়ারী বাজেট বরাদ্দ** ঃ

**বিষয়ঃ** ঃ বার্ষিক বিভাগীয় ক্রীড়া প্রতিযোগিতা-২০২৩ অনুষ্ঠানের জন্য প্রাপ্ত =৮,৫০,০০০/-(আট লক্ষ পঞ্চাশ হাজার) টাকার খাত ভিত্তিক বাজেট বরাদ্দ।

**সিদ্ধান্ত** ঃ (১) =৮,৫০,০০০/-(আট লক্ষ পঞ্চাশ হাজার) টাকার খাত ভিত্তিক বাজেট বরাদ্দের প্রস্তাব আলোচনান্তে কমিটি কর্তৃক সর্বসম্মতিক্রমে নিম্ন ছক অনুযায়ী অনুমোদিত হয়।

## ৩৪তম বিভাগীয় বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা-২০২৩ এর প্রস্তাবিত খাত ভিত্তিক বাজেট।

মোট বরাদ্দ=৮,৫০,০০০/- টাকা

| ক্রমিক নং | খরচের খাত সমূহ | খাত ভিত্তিক বরাদ্দ |
|---|---|---|
| ১. | রাজশাহী মহানগর ইউনিটের দল গঠনের জন্য বরাদ্দ | ২০,০০০/- |
| ২. | অভ্যর্থনা(ফুল, ফুলের তোড়া, ভিআইপি হ্যাট ও সিনিয়র অফিসারদের ক্যাপ ইত্যাদি) | ১৫,০০০/- |
| ৩. | পুরস্কার ক্রয় | ২,৭০,০০০/- |
| ৪. | ব্যান্ড পার্টি | ৩,০০০/- |
| ৫. | প্যান্ডেল, আসন, গেট প্রস্তুত ও প্রয়োজনমত ব্যানার প্ল্যাকার্ড | ৭০,০০০/- |
| ৬. | মাঠ প্রস্তুত ও বেলুন ফেস্টুন | ১৫,০০০/- |
| ৭. | ডিসপ্লে | ৫,০০০/- |
| ৮. | শুভেচ্ছা উপহার | ২৫,০০০/- |
| ৯. | স্থিরচিত্র ও ভিডিও | ৫,০০০/- |
| ১০. | ক্রীড়া পরিচালনায় সদস্যদের সম্মানী | ২০,০০০/- |
| ১১. | ফলাফল সংগ্রহ ও সনদপত্র লেখকদের সম্মানী | ৬,০০০/- |
| ১২. | আপ্যায়ন | ২,২১,০০০/- |
| ১৩. | স্মরণিকা | ১,১০,০০০/- |
| ১৪. | সনদপত্র, খাম ও নিমন্ত্রণ পত্র | ২০,০০০/- |
| ১৫. | আবাসন | ৫,০০০/- |
| ১৬. | যাতায়াত (অভ্যন্তরীণ) | ১০,০০০/- |
| ১৭. | প্রাথমিক স্বাস্থ্য চিকিৎসা (সম্মানী ভাতাসহ) | ৪,০০০/- |
| ১৮. | বয়েজ স্কাউট ও গার্লস গাইড | ৫,০০০/- |
| ১৯. | মনিহারি | ১৫,০০০/- |
| ২০. | ফায়ার সার্ভিস (সম্মানী ভাতাসহ) | ৩,০০০/- |
| ২১. | প্রচার | ৩,০০০/- |
| | | মোট=৮,৫০,০০০/- |

**সিদ্ধান্ত ঃ** (২) ক্রীড়া প্রতিযোগিতা বাবদ বরাদ্দকৃত =৮,৫০,০০০/- (আট লক্ষ পঞ্চাশ হাজার মাত্র) টাকার মধ্যে খেলা সম্পন্ন করতে হবে। খাতওয়ারী বিভাজনকৃত অর্থ বিভিন্ন উপকমিটি বরাবর সরকারি নিয়মানুযায়ী ভ্যাট ও আয়কর কর্তন করে নীট টাকা প্রদান করা হবে এবং উক্ত নীট টাকা হতে কমিটি তাঁদের ক্রয় কার্য সম্পাদন করবেন। খরচান্তে সকল বিল ভাউচার পরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, রাজশাহীর নিকট প্রেরণ করতে হবে।

বাস্তবায়ন: ১। আহবায়ক, সংশ্লিষ্ট উপকমিটিসমূহ।

০৫। বিবিধ : এছাড়াও আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয় ঃ

প্রতিযোগিতায় অংশ গ্রহণকারীরা যাতে সরকারি কর্মকর্তা কর্মচারীদের ছেলেমেয়ে হয় তা নিশ্চিত করতে হবে। সরকারি কর্মচারীদের নিজের ছেলেমেয়ে ছাড়া অন্য কোন পোষ্য ক্রীড়া প্রতিযোগিতায় অংশ গ্রহণ করতে পারবেন না এবং কোন সুপারিশও গ্রহণযোগ্য হবে না। এ বিষয়ে জেলা প্রশাসকগণ সংশ্লিষ্ট জেলার খেলায় অংশ গ্রহণকারী ক্রীড়াবিদরা সরকারি কর্মকর্তা ও কর্মচারীদের ছেলেমেয়ে কিনা তা নিশ্চিত করে প্রত্যয়ন প্রদান করবেন। অন্যদিকে রাজশাহী মহানগরীর প্রতিযোগীদের ক্ষেত্রে তারা সরকারি কর্মকর্তা, কর্মচারীদের ছেলে মেয়ে কিনা তা স্ব স্ব প্রতিযোগীর অভিভাবকের দপ্তর প্রদান কর্তৃক প্রত্যয়ন প্রদানের বিষয়টি উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী নিশ্চিত করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে। উল্লেখ্য যে, সকল হীনমন্যতার উর্ধ্বে থেকে শ্রেণি ভেদাভেদ ভুলে গিয়ে সকলের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণের মাধ্যমে জাকজমকপূর্ণভাবে খেলা সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পন্ন করার বিষয়ে সভাপতি মহোদয় গুরত্ব আরোপ করেন। অন্যদিকে ক্রীড়া পুরস্কার যাতে মানসম্মত ও সুন্দর হয় সেদিকে লক্ষ্য রাখার জন্য সংশ্লিষ্ট কমিটিকে পরামর্শ প্রদান করেন। এছাড়াও খেলার মাঠে পুলিশ ফোর্স মোতায়েন, প্রাথমিক চিকিৎসা দল প্রেরণ, বয়েজ স্কাউট, গার্লস গাইড দল প্রেরণ, খেলার মাঠ বরাদ্দ, এ্যাম্বুলেন্স সরবরাহ, বাংলাদেশ বেতারে প্রচার, প্রতিযোগিতার সংবাদ ও ছবি সংগ্রহ, স্থানীয় দৈনিক প্রত্রিকায় প্রকাশ, বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা ২০২৩ এর প্রচার ও খেলার মাঠে মাইক প্রেরণ ইত্যাদি বিষয়ে সংশ্লিষ্ট সকলকে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়ন ঃ ০১। সংশ্লিষ্ট জেলা প্রশাসক।

০২। পরিচালক,বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, রাজশাহী

০৩। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী।

০৪। পুরস্কার ক্রয় উপ-কমিটি।

সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যদের ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষনা করেন।

১৯.১২.২২
জি এসএম জাফরউল্লাহ্ এনডিসি
বিভাগীয় কমিশনার
রাজশাহী বিভাগ, রাজশাহী
ও
সভাপতি
বিভাগীয় ক্রীড়া সাংগঠনিক ও ব্যবস্থাপনা কমিটি।

স্মারক নং-০৫.৮১.৮১০০.০০১.০১.০১৫.২২-১৫৭৫ তারিখঃ ১৯/১২/২০২২ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি দেয়া হলোঃ

.......................................................

.......................................................

.......................................................

১৯/১২/2022
(মোঃ আনোয়ার যাইদ)
পরিচালক
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড
বিভাগীয় কার্যালয়, রাজশাহী।
ও
সদস্য-সচিব
বিভাগীয় ক্রীড়া সাংগঠনিক ও ব্যবস্থাপনা কমিটি।